

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫০.১৯-০২

তারিখঃ ১৭ পৌষ ১৪২৬ ব.  
০১ জানুয়ারি ২০২০  
খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১১৬৪৮/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।  
সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১১৬৪৮/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১১৬৪৮/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১১৬৪৮/২০১৯	জনাব মো: মাহফুজুর রহমান, পিতা- আব্দুর রসিদ, গ্রাম- উত্তর পথেরচর, ডাকঘর- চরপদম, উপজেলা- মুলাদি, জেলা- বরিশাল।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, এনটিআরসিএ, ডিজি, ডিএমই, চেয়ারম্যান, বিএমইবি ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	বরিশাল জেলার মুলাদি উপজেলাধীন চরলক্ষীপুর ফাযিল (বি.এ) মাদ্রাসায় জনাব মো: মাহফুজুর রহমান প্রভাষক-আরবি পদে নিয়োগের জন্য আবেদন করেন। উক্ত প্রতিষ্ঠানে মহিলা কোটা পূরণ থাকা সত্ত্বেও মহিলা কোটা শূন্য দেখিয়ে পিটিশনারের নিয়োগ স্থগিত করা হয় মর্মে আবেদনে উল্লেখ করা হয়েছে। সে প্রেক্ষিতে নিয়োগ সুপারিশ আদেশে পুরুষের পরিবর্তে মহিলা দেখানো হয়েছে তা সংশোধন করে পিটিশনারকে নিয়োগের জন্য বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ বরারব সুপারিশ পত্র প্রেরণের জন্য জনাব মো: মাহফুজুর রহমান কর্তৃক গত ০৬/০২/২০১৯ তারিখে (Annexure-F মূলে) চেয়ারম্যান, এনটিআরসিএ বরারব আবেদন করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়া নিয়োগ সুপারিশ আদেশে পুরুষের পরিবর্তে মহিলা দেখানো বিষয়টি সংশোধন করে পিটিশনারকে নিয়োগের জন্য বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ বরারব সুপারিশ পত্র প্রেরণের দাবীতে পিটিশনার কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১১৬৪৮/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৭/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার এর নিয়োগের জন্য সুপারিশ প্রেরণের নিমিত্ত গত ০৬/০২/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি না করা কেন বেআইনী ঘোষনা করা হবেনা; সে মর্মে ২৪/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে পিটিশনার কর্তৃক ০৬/০২/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি আদেশপ্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ২ নং রেসপনডেন্ট (চেয়ারম্যান, এনটিআরসিএ) এর প্রতি নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ দেয়া হয়েছে।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে পিটিশনার কর্তৃক ০৬/০২/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি NTRCA হতে বিধি মোতাবেক নিষ্পত্তি করে নিষ্পত্তির বিষয়টি উল্লেখপূর্বক মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১৬৪৮/২০১৯ মামলার ২৭/১০/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী পিটিশনার কর্তৃক ০৬/০২/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরত: মহামান্য হাইকোর্টে সরকার পক্ষের জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে আবেদনটি নিষ্পত্তি করে মহামান্য হাইকোর্টে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৫/০১/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

চেয়ারম্যান  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৪ ও ৫  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।